Bengali

নিউ ইয়র্ক শহর মানব সম্পদ প্রশাসন

সরকারি শুনানীর বিজ্ঞপ্তি এবং প্রস্তাবিত নিয়মের উপর মন্তব্য করার সুযোগ

আমরা কিসের প্রস্তাব দিচ্ছি? যাতে আরও দক্ষতার সাথে সরকারি সহায়তা এবং জরুরীকালীন সহায়তা সুবিধা ও পরিষেবাগুলি জারি করা যায়, বিশেষ করে প্রয়োজনীয় হিসাবে আসবাবপত্র এবং ব্যক্তিগত জিনিষপত্র সংরক্ষণ করার পেমেন্ট যখন এসব পরিস্থিতির ক্ষেত্রে প্রয়োজনীয় হয় যেমন যেমন স্থানান্তর হওয়া, উচ্ছেদ করা বা অস্থায়ী আবাসে যাওয়া নিউ ইয়র্ক শহরের মানব সম্পদ প্রশাসন (Human Resources Administration, HRA)এর কমিশনার নিউ ইয়র্ক শহরের নিয়মের শিরোনাম 68-এর সাথে একটি নতুন অধ্যায় যোগ করার প্রস্তাব দিয়েছেন যাতে নির্দিষ্ট করা যায় যে কিভাবে এবং কাকে পেমেন্ট করা হবে, এবং কি কি পরিস্থিতিতে HRA এসব সুবিধার জন্য অনুরোধ প্রত্যাখ্যান করতে পারেন।

কখন এবং কোথায় শুনানীটি হবে? HRA প্রস্তাবিত নিয়মের উপর একটি সরকারি শুনানী করবে। সরকারি শুনানীটি অনুষ্ঠিত হবে 11/17/2016 তারিখ সকাল 9:30 টার সময়। শুনানীটি অনুষ্ঠিত হবে Spector Hall, 22 Reade Street in Lower Manhattan এই ঠিকানায়।

প্রস্তাবিত নিয়ম সম্বন্ধে আমি কি ভাবে মন্তব্য করতে পারবো ? যে কেউ প্রস্তাবিত নিয়মের উপর মন্তব্য করতে পারেন নিম্নলিখিত ভাবে:

- **ওয়েবসাইট.** আপনি NYC নিয়মের ওয়েবসাইটের মারফতে HRA-এর কাছে আপনার মন্তব্য পাঠাতে পারেন: http://rules.cityofnewyork.us
- **ইমেইল.** আপনি লিখিত মন্তব্য ইমেল করতে পারেন storagerule@hra.nyc.gov. -এ
- **ডাকযোগে.** আপনি লিখিত মন্তব্য ডাকে পাঠাতে পারেন এই ঠিকানায়:

  FIA Executive Office
  New York City Human Resources Administration
  150 Greenwich Street, 36th Floor
  New York, NY 10007
  Attention: Storage Rule

- **ফ্যাক্স করে.** আপনি (917) 639-0194 নম্বরে ফ্যাক্স করে লিখিত মন্তব্যগুলি HRAএর কাছে পাঠাতে পারেন। অনুগ্রহ করে আপনার ফ্যাক্সের কভার পৃষ্ঠায় নিয়মের শিরোনাম ("আবশ্যক সংরক্ষণ ফী-র পেমেন্ট")লিখবেন।
- **শুনানীতে কথা বলে.** আপনি শুনানীতে কথা বলতে পারেন। যদি কেউ সরকারি শুনানীতে প্রস্তাবিত নিয়মের উপর মন্তব্য করতে চান তাহলে কথা বলার জন্য অবশ্যই সাইন আপ করতে হবে। আপনি শুনানীর পূর্বে 929-221-7367 নম্বরে ফোন করে সাইন আপ করতে পারেন, অথবা 11/17/2016 তারিখ শুনানী শুরু হওয়ার পূর্বে আপনি শুনানী কক্ষে সাইন আপ করতে পারেন। আপনি তিন মিনিট পর্যন্ত কথা বলতে পারেন।

লিখিত মন্তব্য জমা করার কোন ডেডলাইন বা নির্দিষ্ট সময়সীমা আছে কি? লিখিত মন্তব্য জমা করার ডেডলাইন হলো 11/17/2016 তারিখ বিকাল 5টা।

শুনানীতে অংশগ্রহণ করার জন্য আমার যদি সহায়তার প্রয়োজন হয় তাহলে কি হবে?

আপনার যদি একজন দোভাষীর প্রয়োজন হয় অথবা অক্ষমতার জন্য শুনানীর সময় যুক্তিসঙ্গত সুবিধার প্রয়োজন হয়, অনুগ্রহ করে আমাদের জানাবেন। আপনি আমাদের ফোন করতে পারেন 929-221-7367 নম্বরে, ইমেল করতে পারেন storagerule@hra.nyc.gov-তে, ফ্যাক্স পাঠাতে পারেন 917-639-0194 নম্বরে অথবা ডাক মারফত যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়:

FIA Executive Office
New York City Human Resources Administration
150 Greenwich Street, 36th Floor
New York, NY 10007
Attention: Storage Rule

আপনাকে অবশ্যই 11/10/2016 তারিখের মধ্যে আমাদের জানাতে হবে।

প্রস্তাবিত নিয়মের উপর করা মন্তব্যগুলি আমি কি পর্যালোচনা করতে পারবো? আপনি প্রস্তাবিত নিয়মের উপর অনলাইনে করা মন্তব্যগুলি http://rules.cityofnewyork.us/ ওয়েবসাইটে গিয়ে পর্যালোচনা করতে পারেন। শুনানীর কিছু দিন পর, প্রস্তাবিত নিয়ম প্রসঙ্গে সব লিখিত মন্তব্যগুলির প্রতিলিপি এবং সব মৌখিক মন্তব্যের সারাংশ HRA'র ওয়েবসাইটে জনসাধারণে জন্য উপলব্ধ থাকবে।

এই নিয়মটি প্রস্তুত করার জন্য HRA-কে কারা অনুমতি দিয়েছে? নিউ ইয়র্ক সিটি চার্টারের ধারা 603 এবং 1043, নিউ ইয়র্ক সামাজিক পরিষেবা আইনের ধারা 34, 56, 61, 62, 77, 131, 159, 303(1)(k), এবং 350-j, নিউ ইয়র্ক কোডস-এর শিরোনাম 18এর ধারা 352.6(f), 370.3, 372.4, এবং 397.5(k), নিয়ম এবং প্রবিধান HRA-কে এই প্রস্তাবিত নিয়ম প্রস্তুত করার অনুমতি দিয়েছে। এই প্রস্তাবিত নিয়মটি HRA-র সবচেয়ে সাম্প্রতিক নিয়ন্ত্রণকারী এজেন্ডাতে অন্তর্ভুক্ত করা হয়নি কারণ HRAএই এজেন্ডা প্রকাশ করার সময় এটা বিবেচনা করা হয়নি।

আমি কোথায় HRA-র নিয়মগুলি পেতে পারি? HRA-র নিয়মগুলি রয়েছে নিউ ইয়র্ক সিটির নিয়মের শিরোনাম 68-এ।

নিয়ম প্রস্তুত প্রক্রিয়াকে কি নিয়ম নিয়ন্ত্রণ করে? কোন নিয়ম প্রস্তুত করা বা পরিবর্তন করার ক্ষেত্রে HRA-কে সিটি চার্টারের ধারা 1043-র প্রয়োজনীয়তাগুলি পূরণ করতে হয়। সিটি চার্টারের ধারা 1043-র প্রয়োজনীয়তা অনুসারেই এই বিজ্ঞপ্তিটি দেওয়া হয়েছে।

প্রস্তাবিত নিয়মের ভিত্তি ও উদ্দেশ্যের বিবৃতি

যোগ্য ব্যক্তিদের আসবাবপত্র ও ব্যক্তিগত জিনিষপত্র সংরক্ষণের জন্য সরকারি ও জরুরীকালীন সহায়তার পেমেন্ট দেওয়ার পদ্ধতি আরও উন্নত করার জন্য HRA নিউ ইয়র্ক সিটির নিয়মের শিরোনাম 68-এর সাথে একটি নতুন অধ্যায় যোগ করার প্রস্তাব দিয়েছে। এই নিয়ম অনুযায়ী আসবাবপত্র ও ব্যক্তিগত জিনিষপত্র সংরক্ষণের জন্য সরকারি সহায়তা ভাতা বা জরুরীকালীন সহায়তা অনুদান এইসব পরিস্থিতি যেমন স্থানান্তর হওয়া, উচ্ছেদ করা, বা অস্থায়ী আশ্রয়ের ক্ষেত্রে নির্দিষ্ট কিছু প্রক্রিয়া বা সীমাবদ্ধতা অনুসারে যখন প্রয়োজনীয় তখনই জারী করা হবে।

প্রস্তাবিত নিয়ম অনুযায়ী একজন ব্যক্তি যার সংরক্ষণ ফী যুক্তিসঙ্গত এবং গতানুগতিক পরিমান অতিক্রম করেছে তাকে HRA-র কাছে তিনটি লিখিত খরচের হিসাব জমা দিতে হবে এবং সে তার সবচেয়ে খরচ-সাপেক্ষ বিকল্প সংরক্ষণ সুবিধা বা ওয়ারহাউজে যেতে পারবে। একজন ব্যক্তি যদি সংরক্ষণ ফী ভাতা বা অনুদানের অনুরোধ করে থাকেন যিনি এখনও তার জিনিষপত্র সংরক্ষণস্থলে রাখেন নি তাকেও HRA-র কাছে তিনটি এস্টিমেট জমা করতে হবে এবং সবচেয়ে খরচ-সাপেক্ষ বিকল্পটির ব্যবহার করতে হবে।

এছাড়াও প্রস্তাবিত নিয়মে এটি আছে যে HRA সরকারি সহায়তা পাওয়া যোগ্য ব্যক্তি যারা নিউ ইয়র্ক সিটি গৃহহীন পরিষেবা বিভাগ (Department of Homeless Services, DHS)এর আশ্রয়স্থল ও HRA ঘরুয়া অশান্তি আশ্রয়স্থলে বসবাস করেন তাদের সংরক্ষণ করার পেমেন্ট স্বয়ংক্রিয় করবে। যেসব ব্যক্তিরা আশ্রয়স্থলে বসবাস করেন না এবং আশ্রয়স্থলের বাসিন্দা যারা সরকারি সহায়তা পান না ও মাসিক হিসাবে আবেদন করেন এবং যাদেরকে এই সুবিধা পাওয়ার জন্য যোগ্য নির্ধারণ করা হয়েছে, তাদের ক্ষেত্রে HRA সরাসরি তাদের সংরক্ষণ সুবিধা বা ওয়ারহাউজে অ-স্বয়ংক্রিয় পেমেন্ট করবে।

প্রস্তাবিত নিয়ম অনুযায়ী দেরীতে প্রদান করা পেমেন্ট অস্বীকার করার HRAর অনুমতি আছে যদি তারা কোন ভাল কারণ ছাড়া সংরক্ষণের বিল এবং/বা সংরক্ষণ পেমেন্টের আবেদন সময়মতো না পায়।

পরিশেষে, প্রস্তাবিত নিয়ম অনুযায়ী HRAর একজন ব্যক্তির সংরক্ষণ ফীর আবেদন অস্বীকার করার অনুমতি আছে যদি সেই ব্যক্তি:

(i) প্রয়োজন অনুযায়ী তিনটি লিখিত হিসাব প্রদান না করেন;
(ii) সংরক্ষণস্থলে রাখা জিনিষপত্রের পরিমান বাড়াতে চান যখন এরকম বৃদ্ধি করাটা প্রয়োজনীয় নয়;
(iii) সংরক্ষণ ফী ভাতা/অনুদানর প্রয়োজনীয়তা নিয়মিত আছে বলে বোঝা যায় না বা
(iv) উপলব্ধ স্থায়ী আবাসন যার মধ্যে হলো সহায়ক আবাসনের প্রস্তাব কোন ভাল কারণ ছাড়া অস্বীকার করেন।

এই নিয়মটির প্রস্তাব করা হয়েছে নিউ ইয়র্ক সিটি মানব সম্পদ প্রশাসন (HRA)র কমিশনার এর অনুমতি নিয়ে নিউ ইয়র্ক সিটি চার্টারের ধারা 603 এবং 1043, নিউ ইয়র্ক সামাজিক পরিষেবা আইনের ধারা 34, 56, 61, 62, 77, 131, 159, 303(1)(k), এবং 350-j, নিউ ইয়র্ক কোডস-এর শিরোনাম 18এর ধারা 352.6(f), 370.3, 372.4, এবং 397.5(k), নিয়ম এবং প্রবিধান অনুযায়ী।

<u>নতুন বিষয়গুলি আন্ডারলাইন করা হয়েছে।</u>

"শ্যাল" এবং "অবশ্যই" বাধ্যতামূলক প্রয়োজনীয়তাগুলি বোঝায় এবং HRA-র নিয়মে অদলবদল করে ব্যবহার করা যেতে পারে, যদিনা অন্যভাবে উল্লেখ করা থাকে বা যদিনা এর প্রসঙ্গ অন্যথায় অন্যভাবে ইঙ্গিত করে।

একটি নতুন অধ্যায়ায় 11 যোগ করে নিউ ইয়র্ক সিটির নিয়মের ধারা 1 এর শিরোনাম 68 সংশোধন করা হয়েছে যা হলো নিম্নরূপ:

অধ্যায় 11: আসবাবপত্র এবং ব্যক্তিগত জিনিষপত্রের প্রয়োজনীয় সংরক্ষণ ভাতা § 11-01 প্রয়োজনীয় সংরক্ষণ ফীর পেমেন্ট।

<u>(a)</u> সংজ্ঞা। এই ধারার উদ্দশ্য পূরণের জন্য, নিম্নলিখিত পরিভাষার অর্থগুলি হবে নিম্নরূপ:

<u>(1)</u> "জরুরীকালীন সহায়তা" বলতে নিউ ইয়র্ক সামাজিক পরিষেবা আইন § 303(1)(k) বা 350-j, এবং/বা §§ 370.3, 372.4, এবং নিউ ইয়র্ক কোডস, নিয়ম ও প্রবিধান এর শিরোনাম 18এর 397.5(k) অনুসারে জারী করা সুবিধাগুলি বোঝাবে।

<u>(2)</u> "HRA" বোঝাবে নিউ ইয়র্ক শহর মানব সম্পদ প্রশাসন।

<u>(3)</u> "ব্যক্তি" বলতে বোঝাবে সরকারি সহায়তা বা জরুরীকালীন সহায়তার আবেদনকারী বা গ্রহণকারী।

<u>(4)</u> "সরকারি সহায়তা" বলতে বোঝাবে পরিবার সহায়তা কর্মসূচীর অধীনে নিউ ইয়র্ক সামাজিক পরিষেবা আইনের শিরোনাম 10 অনুসারে এবং/বা সেফটি নেট সহায়তা কর্মসূচির অধীনে নিউ ইয়র্ক সামাজিক পরিষেবা আইন, এবং এর অধীনে জারি করা প্রবিধানের শিরোনাম 3 অনুসারে আবর্তক মাসিক অনুদান, এবং অতিরিক্ত ভাতা।

<u>(5)</u> "সংরক্ষণ সুবিধা" বোঝাবে কোন বাস্তব সম্পত্তি বা এর একটি অংশ যেটির নক্সা ও ব্যবহার করা হয়েছে দখলকারীদের দ্বারা সংরক্ষণের জায়গা দখল করার জন্য, যারা তাদের ব্যক্তিগত সম্পত্তি সংরক্ষণ করা ও সরিয়ে নেওয়ার জন্য এটির ব্যবহার করবেন।

<u>(6)</u> "স্টোরেজ ওয়ারহাউজ বা গুদাম অপারেটর" বলতে নিউ ইয়র্ক সিটির প্রশাসনিক কোড এর § 20-475-তে বর্ণনা করা একই অর্থ বোঝাবে।

(b) যোগ্যতা। এই ধারার প্রবিধান অনুসারে HRA একজন ব্যক্তির আসবাবপত্র এবং ব্যক্তিগত জিনিষপত্রের সংরক্ষণ করার জন্য ভাতা বা অনুদান প্রদান করবে যখন এইসব পরিস্থিতি যেমন স্থানান্তর হওয়া, উচ্ছেদ করা বা অস্থায়ী আশ্রয়ে যাওয়ার ক্ষেত্রে এ ধরণের সংরক্ষণ প্রয়োজনীয় মনে করা হবে ও যতদিন পর্যন্ত এই ব্যক্তি সরকারি সহায়তা বা জরুরীকালীন সহায়তার জন্য যোগ্য থাকবে এবং যতদিন পর্যন্ত পরিস্থিতি অনুযায়ী সংরক্ষণ করা নিয়মিত রাখা প্রয়োজনীয় হবে।

(c) আবেদন প্রক্রিয়া ও ফী পেমেন্ট করা।

(1) সংরক্ষণ ফী-র জন্য সরকারি সহায়তা ভাতা বা জরুরীকালীন সহায়তা অনুদানের আবেদন প্রক্রিয়া।

(A) সরকারি সহায়তা পাওয়া একজন ব্যক্তি সংরক্ষণ ফী-র জন্য সরকারি সহায়তা ভাতার আবেদন করতে পারেন। এই ব্যক্তি এধরণের ভাতা পাওয়ার জন্য ব্যক্তিগত ভাবে গিয়ে, ফ্যাক্স দ্বারা, ইমেলই দ্বারা বা টেলিফোনে আবেদন করতে পারেন।

(B) যে ব্যক্তি সরকারি সহায়তা পান না তিনি সংরক্ষণ ফী-র জন্য জরুরীকালীন সহায়তা অনুদানের আবেদন করতে পারেন। এই ব্যক্তিকে অবশ্যই এধরণের অনুদানের জন্য HRA দ্বারা প্রদান করা ফর্ম ব্যবহার করে ব্যক্তিগত ভাবে গিয়ে আবেদন করতে হবে।

(2) পেমেন্ট পদ্ধতি।

(A) যখন একজন ব্যক্তি সরকারি সহায়তা পান এবং নিউ ইয়র্ক সিটি গৃহহীন পরিষেবা বিভাগ দ্বারা বা তাদের পক্ষ থেকে পরিচালিত আশ্রয়স্থলে বসবাস করেন বা নিউ ইয়র্ক কোডস, নিয়ম এবং প্রবিধানের অংশ 452 এর শিরোনাম 18 অনুসারে HRA দ্বারা বা তাদের পক্ষ থেকে পরিচালিত ঘরুয়া অশান্তি আশ্রয়স্থলে বসবাস করেন এবং এই ব্যক্তি যদি আবেদন করেন ও তাকে সংরক্ষণ ফী ভাতার জন্য যোগ্য নির্ধারিত করা হয় সেক্ষেত্রে HRA এই ব্যক্তির পক্ষের হয়ে সরাসরি সংরক্ষণ সুবিধা বা কেন্দ্র অথবা সংরক্ষণ গুদাম অপারেটরকে সংরক্ষণ ফী-র জন্য স্বয়ংক্রিয় মাসিক পেমেন্ট জারি করবে।

(B) যখন একজন ব্যক্তি নিউ ইয়র্ক সিটি গৃহহীন পরিষেবা বিভাগ দ্বারা বা তাদের পক্ষ থেকে পরিচালিত আশ্রয়স্থলে বসবাস করেন না বা নিউ ইয়র্ক কোডস, নিয়ম এবং প্রবিধানের অংশ 452 এর শিরোনাম 18 অনুসারে HRA দ্বারা বা তাদের পক্ষ থেকে পরিচালিত ঘরুয়া অশান্তি আশ্রয়স্থলে বসবাস করেন না বা সরকারি সহায়তা পান না সেই ব্যক্তি সংরক্ষণ ফী-র জন্য সরকারি সহায়তা ভাতা বা বা জরুরীকালীন সহায়তা অনুদান যেটি উপযুক্ত হয় মাসিক ভিত্তিতে পাওয়ার জন্য HRA-র কাছে আবেদন করতে পারেন। যদি এই প্যারাগ্রাফ অনুসারে সংরক্ষণ ফী ভাতার জন্য একটি আবেদন অনুমোদন করেন বা এই প্যারাগ্রাফ অনুসারে অনুদান মঞ্জুর করেন, সেক্ষেত্রে HRA সরাসরি সংরক্ষণ কেন্দ্র বা সংরক্ষণ গুদাম ওপারেটরকে পেমেন্ট জারি করবেন।

(3) যেসব জিনিষপত্র ইতিমধ্যেই সংরক্ষণস্থলে নয় সেইসব জিনিষপত্রের জন্য সংরক্ষণ ফী ভাতা বা অনুদানের অনুরোধ করা ব্যক্তিকে তিনটি সংরক্ষণ কেন্দ্র এবং/বা সংরক্ষণ গুদাম ওপারেটরের কাছ থেকে লিখিত হিসাব HRA-র কাছে জমা করতে হবে এবং HRA দ্বারা নির্ধারিত সবচেয়ে কম খরচের সংরক্ষণ কেন্দ্র বা সংরক্ষণ গুদাম ওপারেটর ব্যবহার করতে হবে যদিনা HRA মনে করেন যে এই ব্যক্তির স্বাস্থ্য বা নিরাপত্তা বজায় রাখার জন্য তার জিনিষপত্র অবিলম্বে সংরক্ষণস্থলে রাখার প্রয়োজনীয়তা আছে।

(4) HRA লেট ফী পরিশোধে অস্বীকার করতে পারেন যদি কোন ব্যক্তি এই ধারা অনুসারে সংরক্ষণ ফী ভাতা বা অনুদানের জন্য যোগ্য হোন এবং কোন উপযুক্ত কারণ ছাড়া:

(A) এই উপখণ্ড অনুসারে লেট ফী আহরনের পূর্বে সংরক্ষণ ফী ভাতা বা অনুদানের অনুরোধ বা আবেদন করেন; বা

(B) পেমেন্টের জন্য সময়মতো সংরক্ষণ বিল জমা করেন।

(d) যদি দেখা যায় যে কমপক্ষেও ত্রিশ দিন ধরে সংরক্ষণস্থলে কোন ব্যক্তির জিনিষপত্র রাখা হয়েছে এবং HRA নির্ধারণ করেছেন যে সংরক্ষণ কেন্দ্র বা সংরক্ষণ গুদামের ওপারেটর যে ফী চার্জ করেছেন তা একই আকারের অন্য ইউনিটের চার্জ করা উচিত এবং গতানুগতিক চার্জের সীমার মধ্যে নয়, সেক্ষেত্রে HRA এই ব্যক্তিকে লিখিত ভাবে জানাতে পারেন যে তিনি যেন অবশ্যই এই নোটিশের 30 দিনের মধ্যে অন্য তিনটি সংরক্ষণ কেন্দ্র এবং/বা সংরক্ষণ গুদাম ওপারেটরের কাছ থেকে লিখিত হিসাব জমা দেন এবং তার জিনিষপত্র HRA দ্বারা নির্ধারিত সবচেয়ে কম খরচ সাপেক্ষ সংরক্ষণস্থল বা সংরক্ষণ গুদাম ওপারেটরের কাছে নিয়ে যান। এধরণের হিসাব জমা দেওয়ার জন্য HRA যুক্তিসঙ্গত কারণে অতিরিক্ত সময়ের অনুমোদন করতে পারেন।

(e) অস্বীকারের ভিত্তিগুলি। এই ধারা অনুযায়ী করা সংরক্ষণ ফী ভাতা বা অনুদানের আবেদন বা অনুরোধ HRA যেসব কারনে অস্বীকার করতে পারেন সেগুলি মধ্যে হলো কিন্তু এগুলির মধ্যেই সীমাবদ্ধ নয়:

(1) এই ব্যক্তিকে সংরক্ষণ কেন্দ্র এবং/বা সংরক্ষণ গুদাম ওপারেটরের কাছ থেকে তিনটি লিখিত হিসাব জমা দিতে হতো এবং তিনি কোন উপযুক্ত কারণ ছাড়া এই হিসাবগুলি জমা করতে ব্যর্থ হয়েছেন।

(2) এই ব্যক্তি সংরক্ষণস্থলে প্রথমে রাখা জিনিষপত্রের বাইরে আসবাবপত্র বা ব্যক্তিগত জিনিষপত্রের পরিমান বাড়াতে চেয়েছেন, এবং কেন এই বৃদ্ধির প্রয়োজন তা প্রতিষ্ঠিত করতে ব্যর্থ হয়েছেন।

(3) উল্লিখিত ব্যক্তি সংরক্ষণ ফী ভাতা বা অনুদানের অব্যাহত রাখার প্রয়োজনীয়তা প্রদর্শন করতে ব্যর্থ হয়েছেন।

(4) এই ব্যক্তির কাছে সহায়ক আবাসন সহ স্থায়ী আবাসন রয়েছে, এবং তিনি উপযুক্ত কোন কারণ ছাড়া এই ধরণের আবাসন অস্বীকার করেছেন।

(5) এই ব্যক্তিকে সংরক্ষণ ফী ভাতা বা অনুদানের জন্য একটি আবেদন জমা করার প্রয়োজন ছিল এবং তিনি এই আবেদন জমা করতে ব্যর্থ হয়েছেন।

NEW YORK CITY LAW DEPARTMENT
DIVISION OF LEGAL COUNSEL
100 CHURCH STREET
NEW YORK, NY 10007
212-356-4028

চার্টার §1043(d) অনুসারে

প্রত্যয়ন

নিয়মের শিরোনাম: সংরক্ষণ ফীর পেমেন্ট বা অর্থপ্রদান

রেফারেন্স নম্বর: 2014 RG 097

নিয়ম প্রস্তুত করা সংস্থা: মানব সম্পদ প্রশাসন

আমি প্রত্যয়ন করছি যে নিউ ইয়র্ক সিটি চার্টার এর ধারা 1043(d) এর প্রয়োজন অনুসারে এই অফিস উপরে-উল্লেখ করা প্রস্তাবিত নিয়মটির পর্যালোচনা করেছে, এবং যে উপরে-উল্লেখ করা প্রস্তাবিত নিয়ম:

(i) এর খসড়া প্রস্তুত করা হয়েছে আইনের অনুমোদিত প্রবিধানের উদ্দেশ্য সাধন করার উদ্দেশ্যে;

(ii) এর অন্য প্রযোজ্য নিয়মের সাথে কোন বিরোধ নেই;

(iii) নিয়ম এতটা কার্যকর ও উপযুক্ত তার বর্ণিত উদ্দেশ্য অর্জন করার জন্য সীমাবদ্ধতার সাথে প্রস্তুত করা হয়েছে; এবং

(iv) নিয়ম এতটা কার্যকর ও উপযুক্ত, এটিতে ভিত্তি এবং উদ্দেশ্যের বিবৃতি রয়েছে যা নিয়মটির স্পষ্ট ব্যাখ্যা ও নিয়ম দ্বারা ধার্য করা প্রয়োজনীয়তাগুলি প্রদান করে।

/s/ STEVEN GOULDEN (স্টিভেন গোল্ডেন) তারিখ: 12 এপ্রিল, 2016
ভারপ্রাপ্ত কর্পোরেশান কাউন্সেল

NEW YORK CITY MAYOR'S OFFICE OF OPERATIONS
253 BROADWAY, 10th FLOOR
NEW YORK, NY 10007
212-788-1400

প্রত্যয়ন/বিশ্লেষণ
চার্টার এর ধারা 1043(d) অনুসারে

নিয়মের শিরোনাম: সংরক্ষণ ফীর পেমেন্ট বা অর্থপ্রদান

রেফারেন্স নম্বর: HRA-6

নিয়ম প্রস্তুত করা সংস্থা : মানব সম্পদ প্রশাসন

আমি প্রত্যয়ন করছি যে নিউ ইয়র্ক সিটি চার্টার এর ধারা 1043(d) এর প্রয়োজন অনুসারে এই অফিস উপরে-উল্লেখ করা প্রস্তাবিত নিয়মটির বিশ্লেষণ করেছে, এবং যে উপরে-উল্লেখ করা প্রস্তাবিত নিয়ম:

(i) বোধগম্য এবং পৃথক নিয়ন্ত্রিত সম্প্রদায় বা সম্প্রদায়গুলির জন্য সহজ ভাষায় লিখা হয়েছে;

(ii) পৃথক নিয়মের জন্য বর্ণিত উদ্দেশ্য অর্জনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নিয়ন্ত্রিত সম্প্রদায় বা সম্প্রদায়গুলির জন্য কম্পলায়েন্স খরচ কম করে; এবং

(iii) কিওর বা দোষমুক্ত করার সময়সীমা প্রদান করে না কারণ এটি কোন লঙ্ঘন, লঙ্ঘন সংশোধন, বা লঙ্ঘনের সাথে যুক্ত জরিমানার সংশোধন প্রতিষ্ঠা করে না।

/s/ Francisco X. Navarro (ফ্রান্সিস্কো এক্স. নাভারো) — *12 এপ্রিল, 2016*
মেয়রের ওপারেশান অফিস — তারিখ